অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সন্ত্রাসবাদের উচ্চ ঝুঁকির সম্মুখীন ননপ্রফিট সংস্থার নিরাপত্তা বৃদ্ধির জন্য 32 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিলের ঘোষণা করেছেন

ফেডারেল Nonprofit Security Grant প্রোগ্রামের মাধ্যমে দেওয়া তহবিল 157টি ঝুঁকিপূর্ণ ননপ্রফিট সংস্থা তাদের স্থাপনার নিরাপত্তা ও সামগ্রিক প্রস্তুতি জোরদার করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল (Kathy Hochul) আজকে সন্ত্রাসী বা অন্য চরমপন্থী হামলার ক্রমবর্ধমান ঝুঁকির সম্মুখীন হওয়া 157টি ননপ্রফিট সংস্থাকে তাদের স্থাপনাগুলির নিরাপত্তা জোরদার করার পাশাপাশি তাদের সামগ্রিক প্রস্তুতি উন্নত করার প্রচেষ্টায় সমর্থন করার জন্য 32 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়ার ঘোষণা করেছেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) তার Nonprofit Security Grant প্রোগ্রামের (NSGP) মাধ্যমে প্রদান করা এই তহবিলটি দুটি পৃথক অনুদানের মাধ্যমে নিউ ইয়র্ককে বরাদ্দ দেওয়া হচ্ছে, নিউ ইয়র্ক সিটি মেট্রো এরিয়ার (New York City Metro Area) সংস্থার জন্য 28.4 মিলিয়ন মার্কিন ডলার এবং স্টেটের বাকি অংশের সংস্থার জন্য 3.6 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) এই প্রোগ্রামের পরিচালনা করে।

"Nonprofit Security Grant প্রোগ্রাম নিউ ইয়র্ক স্টেটে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ এড়ানোর জন্য আমাদের কর্মকৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "আমরা যেখানেই একত্রিত হই না কেন, সহিংসতা বা উগ্রতার শিকার না হয়ে শান্তিপূর্ণ ও মর্যাদাপূর্ণ উপায়ে সমবেত হওয়ার অধিকার আমাদের রয়েছে। এই প্রচেষ্টায় আমাদের মহান স্টেটে বসবাসকারী, কর্মরত ও ভ্রমণে আসা সবার জন্য একটি অধিকতর নিরাপদ পরিবেশ তৈরির কাজে সম্পৃক্ত সবার পূর্ণ পার্টনারশিপ প্রয়োজন।"

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার Terry O'Leary (টেরি ও'লিয়ারি) বলেন, "নিউ ইয়র্কের ননপ্রফিটগুলি আমাদের স্টেটের কমিউনিটিগুলিতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এই তহবিল তাদের অবকাঠামো সুরক্ষিত রাখতে , প্রস্তুতি উন্নত করতে, এবং সন্ত্রাসবাদ ও ঘৃণাজনিত অপরাধের কর্মকাণ্ড প্রতিহত করতে প্রশিক্ষণ জোরদার করতে সাহায্য করবে। আমরা সরকারের সব পর্যায়ে

আমাদের পার্টনারদের সাথে কাজ করতে থাকবো যাতে মন্দ ব্যক্তিদেরকে ক্ষতি করা থেকে ঠেকানো যায় এবং নিউ ইয়র্ককে সবার জন্য একটি নিরাপদ স্থান করে রাখা যায়।"

2025 অর্থবছরে (Fiscal Year, FY) Nonprofit Security Grant প্রোগ্রামের মাধ্যমে পুরো দেশে মোট 274.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে। Urban Area Security Initiative (UASI) নির্ধারিত উচ্চ-ঝুঁকির আর্বান এলাকাগুলির একটির মধ্যে অবস্থিত ননপ্রফিট অর্গানাইজেশনকে এই পরিমাণের মধ্যে 137.25 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে। অবশিষ্ট 137.25 মিলিয়ন মার্কিন ডলার UASI নির্ধারিত এলাকার বাইরে অবস্থিত জুরিসডিকশনের জন্য সংরক্ষিত রাখা হয়েছে। নিউ ইয়র্কে, UASI কর্তৃক মনোনীত স্টেটের উচ্চ-ঝুঁকিপূর্ণ শহরাঞ্চল হলো নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকা। বিশেষ করে, এটি নিউ ইয়র্ক সিটি, পাশাপাশি ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টি নিয়ে গঠিত।

যেসব ব্যয়ের জন্য অনুমতি আছে তার মধ্যে আছে পরিকল্পনা যেমন নিরাপত্তা ঝুঁকি ম্যানেজমেন্ট, অপারেশনের ধারাবাহিকতা, এবং সাড়াদানের পরিকল্পনা; সরঞ্জাম, যেমন বাস্তব নিরাপত্তা বৃদ্ধি এবং ইন্সপেকশন/স্ক্রিনিং সিস্টেমের সরঞ্জাম; অ্যাক্টিভ শ্যুটার ট্রেনিং এবং কর্মচারী বা সমাবেশের সদস্যদের জন্য নিরাপত্তার ট্রেনিং; সাড়াদানের অনুশীলন, এবং চুক্তি পাওয়া নিরাপত্তা কর্মী।

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "ক্রমবর্ধমান হুমকির মধ্যে, বিশেষ করে নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে আমরা যা দেখেছি, এবং ইহুদিবিদ্বেষ ও ঘৃণাজনিত অপরাধের উল্লেখযোগ্য বৃদ্ধির কারণে, উপাসনালয়ে সমবেত হওয়া, সন্তানদের স্কুলে পৌঁছে দেওয়া, অথবা স্থানীয় JCC বা অন্য কোনো ধর্মভিত্তিক কমিউনিটি সেন্টারে যাওয়ার সময় নিউ ইয়র্কবাসীরা যাতে ক্ষতির হাত থেকে সুরক্ষিত থাকেন, তা নিশ্চিত করা কখনো এতটা গুরুত্বপূর্ণ ছিলো না। NSGP-এর মতো ফেডারেল নিরাপত্তা প্রোগ্রামগুলি সন্ত্রাসের হুমকি ও ঘৃণাজনিত অপরাধের বিরুদ্ধে কার্যকর প্রস্তুতির একটি মূল ভিত্তি, এবং এই ফেডারেল তহবিল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে অনেক বেশি সাহায্য করবে। প্রতিটি কমিউনিটির নিরাপত্তার প্রয়োজন পূরণ না হওয়া পর্যন্ত আমাদেরকে আরো তহবিলের জন্য লড়াই চালিয়ে যেতেই হবে এবং একই সাথে এই হামলাগুলিকে উসকে দেওয়া বিষাক্ত কুসংস্কার ও অজ্ঞতার বিরুদ্ধে সরাসরি পদক্ষেপ নিতে হবে।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "প্রতিটি নিউ ইয়র্কবাসীর ভয় ছাড়া উপাসনা ও সমবেত হওয়ার অধিকার রয়েছে। আমাদের উপাসনালয় ও ননপ্রফিট সংস্থাগুলিকে সুরক্ষিত রাখতে এই গুরুত্বপূর্ণ তহবিল দিতে পেরে আমি গর্বিত, কারণ নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছুই নেই।"

রিপ্রেজেন্টেটিভ Joe Morelle (জো মোরেল) বলেন, "ঘৃণা, সহিংসতা বা যেকোনো ধরনের উগ্রবাদের কারণে কোনো কমিউনিটিকে ভয় নিয়ে বসবাস করতে হওয়া উচিত নয়। নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা এবং আমাদের কমিউনিটিগুলির জন্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির নিরাপত্তা জোরদার করার প্রতি তাদের ধারাবাহিক অঙ্গীকারের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং আমাদের সব পার্টনারকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নি এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এর বিরুদ্ধে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, এর সাড়াদান এবং এর থেকে পুনরুদ্ধারের প্রয়াসের ব্যাপারে ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।